



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000

E-mail: dg@brrri.gov.bd; brrihq@yahoo.com, Website: www.brrri.gov.bd

পত্র নং-সি-৪১৩ (III)/১৮/

তারিখঃ ২৮-০৮-২০১৯

বিষয়ঃ ২৬/০৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ও সময় : ২৬/০৮/২০১৯, সকাল-১০.০০ ঘটিকা
স্থান : ব্রি সভাকক্ষ
সভাপতি : ড. মোঃ আনছার আলী, পরিচালক (প্রশাসন ও সা: প:), ব্রি।

উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে ব্রি'র ইনোভেশন টিমের আহ্বায়ক ও চিফ ইনোভেশন অফিসার, পরিচালক (প্রশাসন ও সা: প:) ড. মোঃ আনছার আলী সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকলকে ব্রি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা ও ওয়েবসাইট হালনাগাদসহ বিভিন্ন বিষয়ে অবহিত করেন। এসময় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ তাদের নিজ নিজ মতামতসমূহ পেশ করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ১: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো ২০১৯-২০ অনুযায়ী উদ্ভাবন কর্মকান্ড বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ২: ইনোভেশন টিমের সদস্যগণের উদ্ভাবন সংক্রান্ত অধিকতর অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে উদ্ভাবন বিষয়ক কার্যক্রম সফলভাবে চলমান এমন দেশসমূহে ইনোভেশন টিমকে স্বল্প মেয়াদে প্রশিক্ষণের উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।

সিদ্ধান্ত ৩: কৃষি মন্ত্রণালয়ের আইসিটি/ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি বিষয়ক সভার সিদ্ধান্ত অনুসারে ই-ফাইলিং কার্যক্রমে সর্বোচ্চ ব্যবহারকারীকে অভিনন্দন পত্র/পুরস্কার প্রদান এবং বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তৃতীয় রাউন্ডের পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে উদ্ভাবনী প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৪: সার্ভিস ইনোভেশন ফান্ড (এসআইএফ) ও উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত খাতে এটুআই বরাবর প্রস্তাব প্রেরণ উদ্যোগ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৫: “রাইস ডক্টর” মোবাইল ও ওয়েব অ্যাপস দুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ আনছার আলী)
পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)

ও

ইনোভেশন অফিসার
ব্রি-গাজীপুর।

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী, পরিচালক (গবেষণা) এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ২। ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা, বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৩। ড. মোঃ আব্দুল লতিফ, বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৪। মু: মুনিরুল ইসলাম, প্রধান পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, ব্রি।
- ৫। এস এম মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, কৃষি পরিসংখ্যান বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৬। মোঃ মাহফুজ বিন ওয়াহাব, প্রোগ্রামার, কৃষি পরিসংখ্যান বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
- ৮। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৯। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ১০। সংশ্লিষ্ট নথি।